

# পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY

৬৮১/বাউবি/পরীক্ষা/বিএমএড/সাধারণ/২০২৩/১৭৪৩

তারিখ : ০৩ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ  
১৭ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক  
আঞ্চলিক কেন্দ্র (সকল)  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয় : বাউবি পরিচালিত বিএমএড প্রোগ্রামের ২৪১ টার্ম এর ১ম ও ২য় সেমিস্টার পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল সংক্রান্ত পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষার ফি জমা দান এবং অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএমএড প্রোগ্রামের ২৪১ টার্ম এর ১ম ও ২য় সেমিস্টার পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল গত ২৭/০৫/২০২৫ খ্রি: তারিখে প্রকাশ করা হয়েছে। উক্ত ফলাফল বাউবির Website-এ প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষার আবেদন করতে ইচ্ছুক তাদেরকে অন-লাইনে আবেদন করতে হবে। বিএমএড পরীক্ষার ফলাফলের আবেদন ফরম exam.bou.ac.bd ওয়েব ঠিকানায় “পুনঃনিরীক্ষণ/পুনঃপরীক্ষা” লিংকে পাওয়া যাবে (লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে)। উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৮/০৬/২০২৫ খ্রি: তারিখ থেকে ০৭/০৭/২০২৫ খ্রি: তারিখের মধ্যে উল্লিখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং মোবাইল ক্যাশ “নগদ” এর মাধ্যমে (পুনঃনিরীক্ষার ফি প্রতি কোর্স ৫০০/= এবং পুনঃপরীক্ষার ফি বাবদ প্রতি কোর্স ২০০/=) টাকা পরিশোধ করতে হবে। নির্ধারিত ফি জমা দানের পর On-Line এ পূরণকৃত আবেদনের প্রিন্ট কপি নিজের কাছে সংরক্ষণ করে রাখতে হবে এবং সংশ্লিষ্ট পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন ও ফি জমা দেয়া যাবে না।

প্রকাশিত ফলাফল সংক্রান্ত কোন অভিযোগ থাকলে শিক্ষার্থীদের ০৭/০৭/২০২৫ তারিখের মধ্যে On-Line এ অভিযোগ করতে হবে। ফলাফল সংক্রান্ত অভিযোগ ফরম উল্লিখিত সময়ের মধ্যে ওয়েব ঠিকানায় পাওয়া যাবে।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, বিএমএড স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বন্যবাদসহ।

মোঃ হাবিবুল্লাহ মাহামুদ  
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. ডিন, স্কুল অব এডুকেশন, বাউবি।
২. সভাপতি, বিএমএড প্রোগ্রামের পরীক্ষা কমিটি, বাউবি।
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (প্রতি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. পরিচালক, এসএসএস, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
৬. উপ-পরিচালক, প্রো-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর (প্রো-উপাচার্য শিক্ষা মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
৭. সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিভাগ সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
ডায়েরী নং.....	২৬-২৬
তারিখঃ.....	১৭/৬/২৫
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/ সহঃ প্রোগ্রামার/ASANA	
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME	
সহঃ পরিচালক/সহকারী প্রোগ্রামার/AHME	